এক রাতে দুইবার বিতির নাই।

কায়েস ইবন তলক বলেন: রমযানের কোন একদিন তালাক ইবন আলী আমাদের দেখতে আসেন এবং আমাদের নিকট সন্ধ্যা উদযাপন করেন এবং ইফতার করেন। অতঃপর রাতে তিনি আমাদের সাথে কিয়ামুল লাইল করেন এবং আমাদের সাথে বিতির আদায় করেন। তারপর সে তার মসজিদে গিয়ে তার সাথীদের নিয়ে সালাত আদায় করেন। তারপর যখন বিতির সালাত বাকী রইল তখন তিনি এক লোককে সামনে বাড়ালেন এবং বললেন, তুমি তোমার সাথীদের বিতির পড়াও। কারণ, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেন, এক রাতে দুইবার বিতির
নাই।
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি নাসাঈ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি
আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীস শরীফটিতে বিশিষ্ট সাহাবী তালাক ইবন আলী রাদিয়াল্লাহু আনহু তার নিজের আমল সম্পর্কে আলোচনা করেন যে, তিনি প্রথম রাতে তার পরিবারের সাথে বিতির পড়েন। তারপর তিনি তার সম্প্রদায়ের লোকদের সাথে সালাত আদায় করেন। কিন্তু বিতির পড়েননি। বরং অপর একজনকে সামনে পাঠান। কারণ, তিনি রাসূলুল্লাহর কাছ থেকে এক রাতে দুইবার বিতির পড়া সম্পর্কে নিষেধাজ্ঞা শুনেছেন।

https://sunnah.global/hadeeth/bn/show/11272